# ঠাকুরগাঁও সদর উপজেলা পরিষদের সেপ্টেম্বর/২০২৫ সাধারণ সভার কার্যবিবরণী :

সভাপতি : মোঃ খাইরুল ইসলাম
প্রশাসক
উপজেলা পরিষদ
ঠাকুরগাঁও সদর, ঠাকুরগাঁও।

স্থান : উপজেলা পরিষদ সম্মেলন কক্ষ।

তারিখ : ২২/০৯/২০২৫ খ্রি।

সময় : সকাল ১১-০০ টা।

সভায় উপস্থিত সদস্যবৃন্দ : পরিশিষ্ট 'ক'।

সভাপতি কর্তৃক উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করা হয়। সভার শুরুতে আলোচ্যসূচি মোতাবেক সভা পরিচালনার জন্য উপজেলা নির্বাহী অফিসারকে অনুরোধ জানানো হলে নিম্নরূপ আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়।

১। **পূর্ববর্তী সভার কার্যবিবরণী পঠন ও অনুমোদন**

উপজেলা নির্বাহী অফিসার গত ০৬/০৮/২০২৫ খ্রি: তারিখে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী সভায় পাঠ করে শুনান। উক্ত কার্যবিবরণীর কোন সংশোধন বিয়োজন না থাকায় তা অনুমোদন ও দৃঢ় করণ করা হয়।

২। **বিভাগওয়ারী কার্যক্রম পর্যালোচনা**

সভাপতি বিভাগীয় কার্যক্রম পর্যালোচনার আহ্বান জানালে নিম্নরূপ আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়-

| ক্রম | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ |
| ০১ | **উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়**<br>(ক) **ওয়েব পোর্টাল সংক্রান্ত আলোচনা:** উপজেলা নির্বাহী অফিসার জানান, সকল ইউপি চেয়ারম্যান, সদস্যদের তথ্য ওয়েব পোর্টালে আপ-লোড করার জন্য ইউপি চেয়ারম্যানগণকে অনুরোধ করেন। বদলীজনিত কারণে নব যোগদানকৃত কর্মকর্তা/কর্মচারী সম্পর্কে হাল-নাগাদ তথ্য তাৎক্ষনিকভাবে ওয়েব পোর্টালে সন্নিবেশ করতে হবে। এ লক্ষ্যে thakurgaonsadar.thakurgaon.gov.bd ঠিকানায় ভিজিট করে হাল নাগাদ তথ্য আপলোড করার জন্য সকল বিভাগীয় কর্মকর্তাকে অনুরোধ জানানো হয়।<br>(খ) **শুদ্ধাচার কৌশল বাস্তবায়ন:** প্রতিটি অফিস আদালতে শুদ্ধাচার বিষয়ে উপজেলা নির্বাহী অফিসার সকল সরকারী কর্মকর্তা/জনপ্রতিনিধিগণের দৃষ্টি আকর্ষণ করেন।<br>(গ) **ইনোভেশন সংক্রান্ত আলোচনা:** উপজেলা নির্বাহী অফিসার জানান, স্বল্প ব্যয়ে, স্বল্প সময়ে এবং স্বল্প যাতায়াতে জনগণকে সেবা প্রদান করতে হবে। অন্যান্য কর্মকর্তাগণকে তিনি নিজ নিজ চিন্তা-চেতনার মাধ্যমে দাপ্তরিক কার্যক্রমে গতি আনয়নের লক্ষ্যে নিত্য-নতুন কৌশল উদ্ভাবন করতে পরামর্শ প্রদান করেন। | ১. দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পাদনের প্রক্রিয়া অব্যাহত রাখতে হবে।<br>২. শুদ্ধাচার কৌশল বাস্তবায়ন করতে হবে।<br>৩. স্বল্প ব্যয়ে, স্বল্প সময়ে এবং স্বল্প যাতায়াতে জনগণকে সেবা প্রদানের লক্ষ্যে ইনোভেশন কার্যক্রম চালু রাখতে হবে। | ১। উপজেলা নির্বাহী অফিসার<br>২ উপজেলা আইসিটি অফিসার<br>৩। চেয়ারম্যান (সকল) |
| ০২ | **স্বাস্থ্য ও প.প. বিভাগ**<br>উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা সভায় জানান, তাঁর দপ্তরের কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। তিনি জানান টাইফয়েড জ্বর থেকে শিশুকে সুরক্ষিত রাখতে সরকারের ইপিআই কর্মসূচির আওতায় দেশব্যাপী আগামী ১২ অক্টোবর থেকে টিকাদান ক্যাম্পেইন শুরু হবে। এরই ধারাবাহিকতায় ঠাকুরগাঁও সদর উপজেলায় সকল কমিউনিটি ক্লিনিক ও সকল শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষার্থীদের বিনামূল্যে ১ ডোজ টাইফয়েড টিকা প্রদান করা হবে। ৯ মাস থেকে ১৫ বছরের কম বয়সি সকল শিশু এবং প্রাক-প্রাথমিক থেকে নবম শ্রেণী সমমান পর্যন্ত সকল শিক্ষার্থীদের অনলাইনে রেজিস্ট্রেশনের মাধ্যমে টিকা গ্রহণ করতে হবে। এছাড়াও রেজিস্ট্রেশন ব্যতীত কোন শিশু থাকলেও পার্শ্ববর্তী টিকাদান কেন্দ্রে টাইফয়েড টিকা গ্রহণ করা যাবে বলে জানানো হয়। কনসালটেশন ওয়ার্কশপে জেলায় কর্মরত বিভিন্ন প্রিন্ট ও ইলেকট্রনিক মিডিয়ার সাংবাদিকগণ অংশ নেন। ওয়ার্কশপ উক্ত সেপ্টেম্বর ১১-১২ তারিখ অনুষ্ঠিত হয়। ইপিআই কর্মসূচী, কমিউনিটি ক্লিনিক ও উপ-স্বাস্থ্য কেন্দ্র সমূহ পরিদর্শন ও স্বাস্থ্য সেবা নিশ্চিতকরণ, উপজেলা স্বাস্থ্য কর্মকর্তার কার্যালয়ে প্রতি মঙ্গলবার নিয়মিত প্রতিবন্ধী সনাক্তকরণ সভা সহ অন্যান্য কার্যক্রম চলমান রয়েছে। | দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পাদনের প্রক্রিয়া অব্যাহত রাখতে হবে। | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা অফিসার |

| | | | |
|---|---|---|---|
| ০৩ | **উপজেলা প্রকৌশল দপ্তর:**<br>(ক) উপজেলা প্রকৌশলী সভায় জানান, তাঁর দপ্তরের কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। তিনি জানান VRRP প্রকল্পের আওতায় আমরা ১০ টি রাস্তা মেরামতের আওতায় নিয়ে এসেছেন এবং সেগুলোর কাজ চলমান প্রায় ১৪.৮০ কিলোমিটার। (খ) এ ছাড়াও রংপুর বিভাগ নামে একটি প্রকল্প আছে সেটি সমাপ্তির পথে যেটি বিগত সরকারের আমলে হয়েছিলো কিছু রাস্তার লেপিং ও কার্পেটিং কাজ বাকি আছে। ১০ টি রাস্তা ৮.৭ কিলোমিটার কাজ বর্তমানে চলমান আছে। (গ) সামনে ২০২৫-২৬ অর্থ বছরে প্রতি অর্থ বছরের ন্যায় তাঁরা কাজ করে থাকেন। তিনি জানান, রাস্তার রক্ষণাবেক্ষণ ও মেরামতের কাজ তাঁরা হাতে নিয়েছেন, তাছাড়া বহুমুখী ১৫ টি রাস্তা প্রায় ৪০ কিলোমিটার যার মূল্য ৩০,০০,০০,০০০/- (ত্রিশ কোটি) টাকা যার বরাদ্দ পাওয়া গেছে। (ঘ) এখাড়াও বৃহত্তর দিনাজপুর গ্রামীন অবকাঠামো নামে একটি প্রকল্প আছে এ প্রকল্পের আওতায় ২০০ কিলোমিটার রাস্তার DPP তে ধরা আছে এর মধ্যে ১০২ কিলোমিটার কাজ সমাপ্তির পথে । ৯০.৮ কিলোমিটার রাস্তার কাজ তাঁর দপ্তর হতে টেন্ডার এর মাধ্যমে চলমান রয়েছে (ঙ) এছাড়াও ০২ টি রাস্তা ওয়ায়েডেনিং ও কার্পেটিং কাজ রয়েছে যা ০৮ নং রহিমানপুর ইউপি চেয়ারম্যান এর অনেকদিনের দাবি। ০২ টি রাস্তার মধ্যে একটি হলো পল্লীবিদ্যুৎ হতে রুহিয়া রোড পর্যন্ত। আপাততঃ তাঁর দপ্তর হতে ০৪ কিলোমিটার রাস্তার কাজ হাতে নেয়া হয়েছে। আরেকটি রায়পুর ইউনিয়নের ভাউলারহাট হতে মেকমরদ রোড পর্যন্ত এ রাস্তাটি রাণীশংকৈলের অংশটুকু ইতিমধ্যে হয়ে গেছে। এবার তাঁর দপ্তর হতে সদর উপজেলার অংশটুকু ০২ কিলোমিটার কাজ হাতে নিয়েছেন মর্মে জানান (চ) এছাড়াও আরেকটি গ্রামীন হাটবাজারের রামনাথ হাট টি টেন্ডার করণ কার্যক্রম চালু করেছেন যার টেন্ডার প্রাপ্তিক বরাদ্দ মূল্য ৪,০০,০০,০০০/- (চার কোটি) টাকা ও রামনাথ হাটে নতুন করে ০৮ টি দোকানে ঘর করার নক্সা ডিজাইন প্রস্তুত করা হয়েছেও মর্মে তিনি জানান। (ছ) এছাড়াও বৃহত্তর দিনাজপুর এর আওতায় সদর উপজেলায় আমরা ০২টি ব্রীজের প্রকল্প হাতে নিয়েছেন ০১ টি ব্রীজের কাজ চলমান আছে। এছাড়াও সালন্দর ইউনিয়নে টিএসি মোড় নামে একটি রাস্তা আছে সেখান হতে আউলিয়াপুর ইউনিয়নের মানুষের চলাচলের রাস্তার মধ্যেখানে ০১ টি ব্রীজের কাজ চলমান যার প্রাপ্তিক মূল্য ৩,৫০,০০,০০০/- (তিন কোটি পঞ্চাশ লক্ষ) টাকা। বৃহত্তর দিনাজপুর ঠাকুরগাঁও জেলার সম্মিলিত প্রকল্প আনার কাজ চলমান রয়েছে। যদি সেই প্রকল্পটা অনুমোদন হয়ে যায় তাহলে সদর উপজেলার ৯০ কিলোমিটার রাস্তার কাজ শুরু হবে এবং এই প্রকল্পের আওতায় আমাদের ১৭ টি ব্রীজের কাজ হবে, উল্লেখযোগ্য ব্রীজগুলো হলো যেমন- ১. মাতৃগাঁও ব্রীজ, ২. কৃষ্টপুর ঘাটের ব্রিজ, ৩. সুগারমিল হতে আকর্চা যাওয়ার পথে ব্রিজ, ৪. আকচা হতে চেরাডাঙ্গী যাওয়ার ব্রিজ। (জ) তাছাড়াও আমরা সদর উপজেলায় ০৭ টি ভূমি অফিসের কাজ আমরা হাতে নিয়েছি এর মধ্যে ০৫ টি ভূমি অফিসের কাজ চলমান তাছাড়াও ০২ টি জামালপুর ও শুখানপুকুরি ভূমি অফিসের কাজ বন্ধ আছে সেটা অনুমোদনের জন্য ঢাকায় পাঠিয়েছেন। সেটা অনুমোদন হলে তাঁর দপ্তর হতে কার্যক্রম চালু করবেন। অন্যান্য কার্যক্রম চলমান রয়েছে মর্মে তিনি সভায় জানান। | দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পাদনের প্রক্রিয়া অব্যাহত রাখতে হবে। | উপজেলা প্রকৌশলী, উপজেলা [illegible] |
| ০৪ | **উপজেলা কৃষি অফিস**<br>উপজেলা কৃষি অফিসার সভায় জানান, তাঁর দপ্তরের কার্যক্রম সুষ্ঠুভারে চলছে। তিনি জানান যে, সেপ্টেম্বর/২৫ অর্থ বছরের উন্নয়ন কার্যক্রম বাস্তবায়নের প্রাক্কলিত অর্থের পরিমাণ- ৩১৪৮৩০০/- (ক) রফতানিযোগ্য আম উৎপাদন প্রকল্প অর্থের পরিমান- ৬০৩০০০/- উপকারভোগী কৃষক ৪৫ জন কে দেয়া হয়েছে (খ) কৃষি উন্নয়নের মাধ্যমে পুষ্টি ও খাদ্য নিরাপত্তা জোরদার করণ প্রকল্পের অর্থের পরিমান- ১৩৪৫০০/- উপকারভোগী কৃষক ৩০ জন কে দেয়া হয়েছে (গ) দিনাজপুর অঞ্চলে টেকসই কৃষি উন্নয়ন প্রকল্পের অর্থের পরিমান-২১০৯৬০০/- তারমধ্যে ১১৭২০০০/- উপকারভোগী কৃষক ৬০০ জন কে দেয়া সহ কার্যক্রম। ২০২৫-২৬ অর্থ বছরে উল্লেখযোগ্য উন্নয়ন কার্যক্রম বাস্তবায়ন গৃহীত উন্নয়ন প্রকল্প মোট বরাদ্দ ৩১,৪৮,৩০০/- টাকা বাস্তবায়িত প্রকল্পোর সংখ্যা শতকরা ৭৮.২১ হারে কার্যকর হয়েছে। অন্যান্য কার্যক্রম চলমান রয়েছে। | দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পাদনের প্রক্রিয়া অব্যাহত রাখতে হবে। | উপজেলা কৃষি অফিসার |
| ০৫ | **প্রকল্প বাস্তবায়ন দপ্তর :**<br>উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা সভায় জানান, তাঁর দপ্তরের কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। তিনি জানান যে আমরা সবাই জানি যে আগামী ২৮ সেপ্টেম্বর/২৫ সারদীয় দুর্গা পূজা শুরু হবে এইজন্য বিভিন্ন দপ্তরের অফিসারকে ট্যাগ অফিসার হিসেবে দেয়া হয়েছে সেই দায়িত্বটি গুরুত্ব সহকারে পালন করার চেষ্টা করতে হবে। সদর উপজেলার আমাদের ২১৭ টি পূজা মন্ডপে ৫০০ কেজি করে জিআর চাল দেয়া হয়ে থাকে এবারো দেয়া হবে মর্মে তিনি জানান। এবারে পূজা উদযাপন কমিটির সদস্যরা বরাদ্দ বাড়ানোর দাবি করছেন সেটা আমাদের বাড়ানোর কোন সুযোগ নেই। সরকারি যে বরাদ্দ ৫০০ কেজি চাল বা ২০,০০০/- টাকা এটা আমরা বরাদ্দ দেয়ার কার্যক্রম চলমান রয়েছে। | দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পাদনের প্রক্রিয়া অব্যাহত রাখতে হবে। | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা |

| | | | |
|---|---|---|---|
| ০৫ | ২০২৫-২০২৬ অর্থ বছরে গ্রামীণ অবকাঠামো রক্ষণাবেক্ষণ (টি.আর) কর্মসূচীর আওতায় সাধারণ খাতে ১ম পর্যায় ২,৭০,২২,৫৩২/১৬ টাকা বরাদ্দ পাওয়া গেছে, যাহা গ্রাঃঅঃর পরিপত্র ২০২১ অনুযায়ী বিভাজন করে ইউনিয়ন পরিষদের অনুকূলে উপ-বরাদ্দ প্রদান করা হয়েছে। এছাড়া গ্রামীণ অবকাঠামো সংস্কার (কাবিটা/কাবিখা) কর্মসূচীর আওতায় সাধারণ খাতে ১ম পর্যায় ৩,৪৩,২১,২৯৮/৪৪ টাকা, ২০৪.৫৬৪০ মে.টন চাল ও ২০৪.৫৬৪০ মে.টন গম বরাদ্দ পাওয়া গেছে, যাহা গ্রাঃঅঃ সঃ পরিপত্র ২০২১ অনুযায়ী বিভাজন করে ইউনিয়ন পরিষদের অনুকূলে উপ-বরাদ্দ প্রদান করা হয়েছে। বাস্তবায়ন পরিপত্র ২০২১ অনুযায়ী প্রকল্প গ্রহণ করে অতি দ্রুত ইউনিয়ন গ্রাঃঅর এবং গ্রাঃ অঃ স কমিটি সভার রেজুলেশন সহ তালিকা ও পিআইসি জমা দেওয়ার জন্য সকল ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানগণকে অনুরোধ করেন। এছাড়া ২০২৫-২০২৬ অর্থ বছরে মানবিক সহায়তা কর্মসূচীর আওতায় ঢেউটিন ক্রয় বাবদ ৩,০০,০০০/- টাকা, কম্বল ক্রয় বাবদ ৩,০০,০০০/- টাকা এবং শুকনো খাবার ক্রয় করা বাবদ ৩,০০,০০০/- টাকা বরাদ্দ পাওয়া গেছে। | দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পাদনের প্রক্রিয়া অব্যাহত রাখতে হবে। | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা |
| ০৬ | <u>শিক্ষা বিভাগ :</u><br>উপজেলা শিক্ষা অফিসার জানান, তাঁর দপ্তরের কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। সেপ্টেম্বর/২৫ প্রাপ্ত বরাদ্দের মধ্যে ঈদ ই মিলাদুন নবী উদযাপন উপলক্ষে ৪০৭ টি প্রাথমিক বিদ্যালয়ে বরাদ্দ দেয়া হয়েছে ৮,১৪,০০০/- টাকা, (খ) তারুন্য উৎসব (জুলাই কেন্দ্রিক বিদ্যালয় সংখ্যা ৪০৬ টি বরাদ্দ দেয়া হয়েছে ১০,১৫,০০০/- টাকা (গ) মাল্টি মিডিয়া বিতরণ বিদ্যালয়ের সংখ্যা ৪০৫ টির মধ্যে ১ম ধাপে ৩৫৫ টি ও ২য় ধাপে ৫০ টি বিতরণ সম্পন্ন হয়েছে। | দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পাদনের প্রক্রিয়া অব্যাহত রাখতে হবে। | উপজেলা শিক্ষা অফিসার |
| ০৭ | <u>পরিবার পরিকল্পনা বিভাগ:</u><br>উপজেলা পরিবার পরিকল্পনা অফিসরের প্রতিনিধি সভায় জানান, তাঁর দপ্তরের কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। তিনি জানান, পদ্ধতি ভিত্তিক মোট উপকার ভোগী ও গ্রহীতাদের সেবা দেয়া হয়েছে।২০২৫-২৬ অর্থ বছরে উল্লেখযোগ্য গৃহীত উন্নয়ন কার্যক্রমের বাস্তবায়নের শতকরা ৭১.০৮% হার কার্যকর হয়েছে। অন্যান্য কার্যক্রম চলমান রয়েছে। | দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পাদনের প্রক্রিয়া অব্যাহত রাখতে হবে। | উপজেলা পরিবার পরিকল্পনা অফিসার |
| ০৮ | <u>মৎস্য বিভাগ :</u><br>সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা সভায় জানান, তাঁর বিভাগের কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। তিনি জানান, তার দপ্তরের আওতায় জেলা মৎস্য কর্মকর্তা, ঠাকুরগাঁও এর দিক নির্দেশনায় জেলা প্রশাসন, ঠাকুরগাঁও ও উপজেলা প্রশাসন, ঠাকুরগাঁও সদর, ঠাকুরগাঁও এর সহযোগিতায় অভিযান/মোবাইল কোর্ট পরিচালনা করা হচ্ছে। জনস্বার্থে এ ধরণের কার্যক্রম চলমান রয়েছে। বিভাগীয় অন্যান্য কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। | দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পাদনের প্রক্রিয়া অব্যাহত রাখতে হবে। | উপজেলা মৎস্য কর্মকর্তা |
| ০৯ | <u>প্রাণী সম্পদ বিভাগ:</u><br>উপজেলা প্রাণী সম্পদ কর্মকর্তার সভায় জানান, তাঁর দপ্তরের কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। তিনি জানান যে, ২০২৫-২০২৬ অর্থ বছরে উন্নয়ন সহায়তা কর্মসূচির কাজ চলমান রয়েছে। | দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পাদনের প্রক্রিয়া অব্যাহত রাখতে হবে। | উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা |
| ১০ | <u>সমাজসেবা বিভাগ :</u><br>উপজেলা সমাজসেবা অফিসার সভায় জানান, তাঁর দপ্তরের কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। তিনি জানান তার কার্যালয়ের সেপ্টেম্বর/২০২৫ মাসের কার্যক্রম এর ক্ষুদ্র ঋণ, দগ্ধ ও শারিরীক প্রতিবন্ধী ঋণ, পল্লী মাতৃকেন্দ্র (RMC) ভাতাসহ অন্যান্য আদায় কার্যক্রম করা হয়েছে। ১। ক্ষুদ্র ঋণ কার্যক্রমঃ (RSS) চলতি মাসে আদায়-৫,৬৮,২২৭/- টাকা।<br>২। দগ্ধ ও শারিরীক প্রতিবন্ধী ঋণঃ চলতি মাসে আদায়- ২৩,০৫০/- টাকা।<br>৩। পল্লী মাতৃকেন্দ্র (RMC) চলতি মাসে আদায়-১,৪২,০৩৫/- টাকা।<br>৪। ভাতাসহ অন্যান্য উপকার ভোগী ২২ টি ইউনিয়নে বিভাজনের সংখ্যাঃ<br>(ক) বয়স্ক ভাতা- ২৩৪৩৯ জন (খ) বিধবা ভাতা ১৫১৩৬ জন (গ) প্রতিবন্ধী ভাতা ১২৮১৩ জন (ঘ) প্রতিবন্ধী শিক্ষা উপবৃত্তি -১৫৮ জন (ঙ) দলিত হরিজন ভাতা ১১৬ জন (চ) হিজরা ভাতা-২৪ জন (ছ) অনগ্রসর শিক্ষা উপবৃত্তি-১১৫ জন (জ) ভিক্ষুক পুনর্বাসন করা হয় (ঝ) প্রান্তিক কার্যক্রম চলমান রয়েছে (ঞ) রোগী কল্যাণ সমিতির রোগীকে চিকিৎসা সহায়তা প্রদান করা হয় (ট) ক্যান্সার, কিডনী, লিভার সিরোসিস, স্ট্রোকে প্যারালইজড, জন্মগত হৃদরোগ ও থ্যালাসেমিয়া আক্রান্ত ব্যক্তিদের এককালীন ৫০,০০০/- (পঞ্চাশ হাজার) টাকা চিকিৎসা বাবদ অর্থ প্রদান করা হয়। (ঠ) ক্ষুদ্র নৃ-জনগোষ্ঠীর পরিবারকে এককালিন অর্থিক সহায়তা প্রদান করা হয়।(ড) স্বেচ্ছাসেবী সংগঠনকে চেকের মাধ্যমে এককালিন অনুদান প্রদান করা হয়।<br>(চ) ক্যাপিটেশন গ্রান্ট প্রাপ্ত এতিমখানাঃ ৮২৬ জনের ক্যাপিটেশন গ্রান্ট সর্বমোট ০০ টি প্রতিষ্ঠানে (ণ) চা শ্রমিক জীবনমান উন্নয়ন কর্মসূচি এককালীন অনুদান-৫ জন।<br>অন্যান্য কার্যক্রম চলমান রয়েছে। | দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পাদনের প্রক্রিয়া অব্যাহত রাখতে হবে। | উপজেলা সমাজসেবা অফিসার |

| | | | |
|---|---|---|---|
| ১১ | **খাদ্য বিভাগ :**<br>উপজেলা খাদ্য নিয়ন্ত্রক অফিসার সভায় জানান, তাঁর বিভাগের কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। তিনি জানান সেপ্টেম্বর/২৫ মাসের বাস্তবায়িত খাদ্য বান্ধব চাল ৮১৫.৪০০ মে.টন ২৭,১৮০ জন, ওএমএস চাল ১২০.০০০ মে.টন, আটা ১২০.০০০ মে.টন ৪,০০০ জন, টিসিবি চাল ১৩৮.০১০ মে.টন ২৭,৬০২ জন ও ভিডাবলুবি চাল ৭৬.৪০০ মে.টন ২,৫৭৮ জন উপকারভোগীর পেয়েছেন, বিতরণ কার্যক্রম চলমান রয়েছে। | দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পাদনের প্রক্রিয়া অব্যাহত রাখতে হবে। | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক |
| ১২ | **মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা দপ্তর :**<br>উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার সভায় জানান, তাঁর বিভাগের কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। তিনি জানান বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠান পরিদর্শন নিয়মিতভাবে করা হচ্ছে। জি আই এস জরিপ চলমান, নির্ধারিত বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠান ইবতেদায়ী মাদ্রাসার উপবৃত্তির কাজ চলমান রয়েছে। | দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পাদন অব্যাহত রাখতে হবে। | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার |
| ১৩ | **পরিসংখ্যান অফিস :**<br>উপজেলা পরিসংখ্যান অফিসার সভায় জানান, তাঁর বিভাগের কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। তিনি জানান অফিসের সেপ্টেম্বর/২৫ মাসের দাপ্তরিক কৃষি ক্যালেন্ডার রিপোর্ট এর পাশাপাশি ২২টি ইউনিয়নের দাগগুচ্ছের অন্তর্গত কৃষক তালিকা হালনাগাদ করণ কার্যক্রম সম্পাদন করা হয়েছে। | দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পাদন অব্যাহত রাখতে হবে। | উপজেলা পরিসংখ্যান অফিসার |
| ১৪ | **সমবায় অফিস :**<br>উপজেলা সমবায় অফিসার সভায় জানান, তাঁর দপ্তরের কাজ স্বাভাবিকভাবে চলছে। তিনি তার কার্যালয়ের অধীনে ০২ (দুই) টি প্রকল্প রয়েছে। প্রথমটি হলো সার্বিক গ্রাম উন্নয়ন সমবায় সমিতি লিঃ (৪র্থ পর্যায়) এর অধীনে ৬০ (ষাট) টি সমবায় সমিতি লিঃ রয়েছে। অপরটি অত্র উপজেলায় দুগ্ধ ঘাটতি প্রকল্প। উক্ত প্রকল্পের আওতায় ০২(দুই) টি সমবায় সমিতি লিঃ রয়েছে। যার সদস্য সংখ্যা ৫০+৫০ = ১০০ (একশত) জন। প্রত্যেক সদস্যকে উন্নত জাতের ফ্রিজিয়ান গাভী ক্রয়ের জন্য ২০০০০০ (দুই লক্ষ) টাকা করে ঋণ প্রদান করা হয়েছে। এখনও ঋণ আদায়ের সময় হয়নি। | দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পাদন অব্যাহত রাখতে হবে। | উপজেলা সমবায় অফিসার |
| ১৫ | **মহিলা বিষয়ক দপ্তর:**<br>উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তার প্রতিনিধি সভায় জানান যে, তাঁর দপ্তরের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। তিনি জানান তার কার্যালয়ের কর্তৃক বাস্তবায়িত চলমান বিভিন্ন কর্মসূচী/প্রকল্প/কার্যক্রমের তথ্য (ক) ভালনারেবল ইউমেন বেনিফিট (ভিডব্লিউবি) সেপ্টেম্বর/২৫ বরাদ্দ ৭৬.৪৪০ মে.টন ১২৪৮ জন উপকারভোগী। (খ) মা ও শিশু সহায়তা কর্মসূচি (ইউনিয়ন পর্যায়ে) ৮০০ টাকা হারে প্রতিমাস ১,৭৬,০০০/- টাকা ২২০ জন উপকারভোগী। (গ) মা ও শিশু সহায়তা কর্মসূচি পৌরসভা পর্যায়ে) ৮০০ টাকা হারে জন প্রতিমাস ১,৩৪,০০০/- টাকা ৮৪ জন উপকারভোগী। (ঘ) জীবিকায়নের জন্য মহিলাদের দক্ষতা ভিত্তিক প্রশিক্ষণ প্রতিদিন ১০০/- টাকা হারে যাতায়াত ভাড়া বাবদ ১,৮৯,০০০/- ৯০ জন উপকারভোগী ৩ মাস মেয়াদ কোর্স চলমান রয়েছে। | দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পাদন অব্যাহত রাখতে হবে। | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা |
| ১৬ | **যুব উন্নয়ন অফিসার**<br>উপজেলা যুব উন্নয়ন অফিসার সভায় জানান যে, তাঁর দপ্তরের কাজক্রম সুষ্ঠুভাবে চলছে। তিনি তার কার্যালয়ের সেপ্টেম্বর/২০২৫ সালের বিভিন্ন প্রশিক্ষণ ও সহায়তার কার্যক্রম চলমান রয়েছে। পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য মহোদয়ের বরাবরে উপস্থাপন করা হলো। | দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পাদন অব্যাহত রাখতে হবে। | উপজেলা যুব উন্নয়ন অফিসার |
| ১৭ | **নির্বাচন বিভাগ:**<br>উপজেলা নির্বাচন অফিসারের প্রতিনিধি সভায় জানান, তাঁর দপ্তরের কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। তিনি জানান তাঁর দপ্তরের আওতায় জাতীয় পরিচয় পত্র বিতরণ কার্যক্রম চলমান রয়েছে। আগামী ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচনের জন্য বাংলাদেশ নির্বাচন কমিশন সীমানা নির্ধারণী পত্র প্রদান করেছেন। উক্ত পত্রের নির্দেশনা মোতাবেক সীমানা নির্ধারণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হয়েছে। | দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পাদন অব্যাহত রাখতে হবে। | উপজেলা নির্বাচন অফিসার |
| ১৮ | **বন বিভাগ**<br>ভারপ্রাপ্ত কর্মকর্তা, বন বিভাগ সভায় জানান তাঁর দপ্তরের কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। তিনি জানান দুর্লভ, বিলুপ্ত প্রায় শতবর্ষী বিভিন্ন প্রজাতির চারা তাঁর কাছে বিদ্যমান রয়েছে। সরকারি রাজস্ব মূল্যে চারা বিক্রয় কার্যক্রম চলমান। তাই যুগান্তকারী স্লোগান, "গাছলাগাই ঠাকুরগাঁওয়ে সুস্থথাকি প্রাণ প্রবাহে"। এই প্রতিপাদ্যকে সামনে রেখে কালারফুল ঠাকুরগাঁও রুপান্তর করার জন্য সদর উপজেলায় ২২ টি ইউনিয়নের সম্মানিত চেয়ারম্যান মহোদয়গণের মাধ্যমে বিভিন্ন প্রজাতির ১৫ হাজার টি চারা | দাপ্তরিক কর্মকান্ডের প্রতিবেদন উপস্থাপন করতে হবে। | ভারপ্রাপ্ত কর্মকর্তা বন বিভাগ |

| | | | |
|---|---|---|---|
| ১৮ | লাগানোর জন্য প্রতিটি ইউনিয়ন পরিষদের অনুকুলে চারা ও চারারক্ষণাবেক্ষণ সামগ্রী হিসেবে অরহর বীজ, নেট ও অন্যান্য সামগ্রী প্রদান করা হয়েছে। সকল চেয়ারম্যনের দৃষ্টি আকর্ষণ করে তিনি বলেন, গাছের চারা রক্ষণাবেক্ষণে আন্তরিকতার সাথে পরিচর্যা করতে। বিষটি গুরুত্ব সহকারে দেখার জন্য উপজেলা নির্বাহী অফিসার মহোদয়ের দৃষ্টি আকর্ষণ করেন। | ২। সকল ইউপি চেয়ারম্যান গণকে চারার ক্ষণাবেক্ষণ বিষয়টির কার্যক্রম জোরদার করার লক্ষে সংশ্লিষ্ট ওয়াডের মেম্বার ও গ্রামপুলিশকে দায়িত্ব পালনের সিদ্ধান্ত গৃহিত হলো। | ভারপ্রাপ্ত কর্মকর্তা বন বিভাগ |
| ১৯ | জনস্বাস্থ্য বিভাগ<br>উপ-সহকারী প্রকৌশলী সভায় জানান যে, তাঁর দপ্তরের কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। তিনি জানান তার দপ্তরের বিভিন্ন উন্নয়নমূলক কার্যক্রমের মধ্যে (ক) ১২০ টি প্রথমিক বিদ্যালয়ের ওয়াশ ব্লক নির্মাণের বরাদ্দের পরিমাণ ১৪,০০,০০০/- টাকা, অত্র উপজেলার বিভিন্ন সেপ্টেম্বর/২৫ মাসে সরকারি প্রাথমিক বিদ্যালয়ে ১২৫ টি মধ্যে ১৫ টি ওয়াশ ব্লকের নির্মাণ কাজ সম্পন্ন করে হস্তান্তর করা হয়েছে, ১০৫ টির কাজ চলমান রয়েছে। (খ) সমগ্রদেশে নিরাপদ পানি সরবরাহ প্রকল্পের আওতায় অগভীর নলকূপ স্থাপন বরাদ্দ ২০০ টি, মোট বরাদ্দ ৪৪,০০,০০০/- টাকা, ২০০ টি উপকারভোগী পরিবার নিরাপদ পানি সরবরাহ প্রকল্পের নির্মাণ কাজ চলমান (গ) সমগ্রদেশে নিরাপদ পানি সরবরাহ প্রকল্পের আওতায় সাবমার্সিবল পাম্প স্থাপন বরাদ্দ ৬৪ টি, মোট ৭১,০০,০০০/- টাকা, নিরাপদ পানি সরবরাহ প্রকল্পের আওতায় সাবমার্সিবল পাম্প স্থাপন নির্মাণ কাজ ১০০ টি উপকারভোগী ব্যবহার এর কাজ চলমান রয়েছে। | দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পাদন অব্যাহত রাখতে হবে। | উপ-সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর |
| ২০ | আনসার ভিডিপি অফিস<br>উপজেলা আনসার ভিডিপি অফিসার সভায় জানান তাঁর বিভাগের কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। তিনি জানান আসন্ন শারদীয় দুর্গাপূজা ২০২৫ খ্রিঃ উপলক্ষ্যে পূজামন্ডপ সমুহে আনসার ও ভিডিপি সদস্য-সদস্যা মোতায়েন করা এবং ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচনের ভোটকেন্দ্রে আনসার ও ভিডিপি সদস্য-সদস্যা মোতায়েন করার উদ্দেশ্যে AVMIS সফটওয়ারে আনসার ও ভিডিপি সদস্যদের এনআইডি নম্বর সার্টিফিকেট, ছবি, স্বাক্ষর, মোবাইল নাম্বার এবং সংশ্লিষ্ট অন্যান্য তথ্যাদির নিবন্ধন কার্যক্রম চলমান আছে। | দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পাদন অব্যাহত রাখতে হবে। | উপজেলা আনসার-ভিডিপি অফিসার |
| ২১ | পল্লী উন্নয়ন বিভাগ :<br>উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা সভায় জানান উক্ত দপ্তরের কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। তিনি বলেন সেপ্টেম্বর/২৫ মাসে বিআরডিবি কর্তৃক বাস্তবায়নাধীন দারিদ্র বিমোচনের লক্ষে পুষ্টি সমৃদ্ধ উচ্চ মূল্যের অপ্রধান শস্য উৎপাদন ও বাজারজাতকরণ কর্মসূচির আওতায় সালন্দর ইউনিয়নের বরুনাগাঁও অপ্রধান শস্য দলে অপ্রধান শস্য চাষবাদে দলভূক্ত সুবিধাভোগীদের মাঝে ৫,৯৩,০০০/- টাকা ঋণ বিতরণ করা হয়। এ ছাড়াও মুক্তিযোদ্ধা ও পোষ্যদের জন্য অস্বচ্ছল মুক্তিযোদ্ধা ও পোষ্যদের আত্মকর্মসংস্থান ঋণ কর্মসূচি'র আওতায় দারিদ্র বিমোচনে ও আর্থিকভাকে স্বাবলম্বী হওয়ার জন্য গরু মোটাতাজাকরণ ও ব্যবসা খাতে ০২ জনকে ১,৪০,০০০/- টাকা ঋণ বিতরণ করা হয়। এছাড়াও অন্যান্য কর্মসূচি'র ঋণ আদায় কার্যক্রম চলছে। | দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পাদন অব্যাহত রাখতে হবে। | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা |
| ২২ | বিএমডিএ<br>সহকারী প্রকৌশলী, বিএমডিএ সভায় জানান তাঁর দপ্তরের কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। তিনি জানান তার কার্যালয়ের বিভিন্ন চলমান প্রকল্প সমূহ (ক) ভূ-উপরিস্থ পানি উন্নয়নের মাধ্যমে বৃহত্তর দিনাজপুর ও ঠাকুরগাঁও জেলায় সেচ সম্প্রসারণ প্রকল্প ([illegible]) চলতি বছরে লক্ষ্যমাত্রা গভীর নলকুপ ২৫০ মি.মি. ব্যাসের ইউপিভিসি পাইপ [illegible] মি. ভূ-উপরিস্থ পাইপ লাইন বর্দ্ধিতকরন ১০ টি কাজ টেন্ডার প্রক্রিয়া চলমান। ও [illegible] মৌসুমে চালু সেচযন্ত্র ৬৪৮ চলতি বছরে সেচচার্জ (ঘ) বিএমডিএ কেন্দ্রীয় ওয়ার্কশপে সেচযন্ত্রর ট্রান্সফর্মার মেরামত সংখ্যা ৬৫ টি। (ঙ) বিএমডিএ কেন্দ্রীয় ওয়ার্কশপে সেচযন্ত্রর মটর মেরামত সংখ্যা ৩১ টি। | দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পাদন অব্যাহত রাখতে হবে। | সহকারী প্রকৌশলী, বিএমডিএ |
| ২৩ | উপজেলা নির্বাহী অফিসার<br>ক)উপজেলা নির্বাহী অফিসার সভায় জন্ম নিবন্ধন কার্যক্রম জোরদার করার জন্য নির্দেশনা প্রদান করেছেন। এ কার্যক্রমকে জোরদার করার লক্ষ্যে গ্রাম পুলিশদেরকে কাজে লাগানোর জন্য ইউপি চেয়ারম্যানগণকে অনুরোধ জানান।<br>(খ) তিনি আরো বলেন, এই মুহূর্তে আমাদের সব থেকে গুরুত্বপূর্ণ বিষয় সেটা হলো টাইফয়েড ভ্যাকসিন www.vaxepi.gov.bd ওয়েবসাইটে নিবন্ধন করা। সমগ্র উপজেলায় ১ লক্ষ ৭৬ হাজার টার্গেট পৌরসভাসহ এখন পর্যন্ত আমাদের নিবন্ধনের পারফরম্যান্স মাত্র ২০% তাই আমাদের লক্ষ্য হলো ১০০% টার্গেট [illegible] করার জন্য | ১ ও ২ এর [illegible] | উপজেলা নির্বাহী অফিসার, |

| | | | |
|---|---|---|---|
| ২৩ | নির্দেশনা প্রদান করা হয়। তিনি বলেন, সদর উপজেলার প্রাথমিক ও মাধ্যমিক পর্যায়ের শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষকগণ সকল শিক্ষার্থীকে নিবন্ধন ও ভ্যাকসিন নেয়ার জন্য বলবেন যাতে কোন শিক্ষার্থী বাদ না পরে। কার্যক্রম জোরদার করার লক্ষ্যে প্রাথমিক / মাধ্যমিক শিক্ষা অফিসারকে বলা হলো ও শিক্ষা প্রতিষ্ঠানের বাইরে ৯ মাস থেকে ০৬ বছর বয়স পর্যন্ত সকল শিশুদের জ্বর থেকে সুরক্ষিত রাখতে ১২ অক্টোবর থেকে টাইফয়েড এর ভ্যাকসিন টিকাদান ক্যাম্পেইন শুরু হবে, তাই সদর উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা অফিসার, তার সকল স্বাস্থ্য সহকারী গণকে কাজে লাগাবেন, ও ইউপি চেয়ারম্যানগণ তার নিজ ইউনিয়নে মাইকিং সহ ইউপি সদস্য গণকে তার ওয়ার্ডের বিভিন্ন ধর্মীয় প্রতিষ্ঠান যেমন- মন্দিরের পুরোহিত, মসজিদের ইমাম মাইকে ও শুক্রবারের নামাজের খুৎবা বয়ানে যেন টাইফয়েড এর ভ্যাকসিন এর বিষয়ে কথা সর্বস্তরে জনগণকে বলবেন এবং সকল শিশুদের অভিভাবক গণকে বুঝাতে এ কার্যক্রমকে জোরদার করার লক্ষ্যে ইউপি সদস্য ও হিসাব সহকারী সহ গ্রাম পুলিশগণকে কাজে লাগানোর জন্য ইউপি চেয়ারম্যানগণকে অনুরোধ জানান।<br>গ) তাছাড়াও আমাদের সামনে শারদীয় দূর্গাপূজা উপলক্ষে আইনশৃঙ্খলা বাহিনী, পুলিশ, আনসার ও গ্রামপুলিশ সবসময় পূজা মন্ডপে থাকবেন। সদর উপজেলায় থেকে একটি ভিজিলেন্স টিম গঠন করে দেয়া হয়েছে এবং জেলা থেকেও টিম গঠন করে দেয়া হয়েছে, তিনি বলেন, একটি কন্ট্রোলরুম চালু করা হয়েছে, হোয়াটস্ অ্যাপে গ্রুপ চালু করা হয়েছে, তাৎক্ষণিকভাবে কোন সমস্যা হলে যাতে সেবা ও সমাধান দ্রুত দেওয়া যায় সে লক্ষ্যে বিভিন্ন ব্যবস্থা গ্রহণ করা হয়েছে। তিনি উপস্থিত ইউপি চেয়ারম্যানদের উদ্দেশ্যে বলেন, ইউনিয়ন পরিষদ হতে আপনারা কি ব্যবস্থা গ্রহণ করেছেন এবং কি ব্যবস্থা গ্রহণ করবেন এই বিষয়টা একটু ভেরিফাই করা দরকার, প্রথম কথা হলো যে, গ্রামপুলিশ যেন তার এরিয়ার মধ্যে যে পূজা মন্ডপ গুলো আছে সেগুলোতে যেন সে সবসময় নজরদারী করে। বিশেষ করে আউলিয়াপুরের রসিক রায় জিউ মন্দেরে ১৪৪ ধারা জারি করা হয়নি। এজন্য সবাইকে উপস্থিত থাকতে হবে, সেখানে শুধু গ্রামপুলিশের উপরে ছেড়ে দিলে হবে না মর্মে সভায় উপজেলা নির্বাহী অফিসার জানান। ইউপি সদস্যদের উদ্দেশ্যে সভাপতি বলেন যেখানে পূজা হবে প্রয়োজনে সবসময় থাকতে হবে। সেখানে সহকারী কমিশনার (ভূমি) কে প্রধান করে একটি কমিটি গঠন করা হয়েছে। তিনি বলেন সেখানে ইসকন গ্রুপ এবং সনাতন গ্রুপ তারা যাতে কোন ধরণের বিঘ্ন ঘটতে না পারে সেদিকে খেয়াল রাখতে হবে আর রুহী থানার অফিসার ইনচার্জ যেন সার্বক্ষণিক ২৪ ঘন্টা পুলিশ রাখে সেটি নিশ্চিত করতে হবে। অন্যান্য অফিসারদের আমরা ট্যাগ অফিসার নিয়োগ দিয়েছি তারা যেন ছুটির দিনে সে দায়িত্ব ঠিকঠাক ভবে পালন করবেন। আইনশৃঙ্খলা পরিস্থিতি যেন স্বাভাবিক থাকে সে বিষয়ে সদর উপজেলার ০৩ টি থানার ওসি ও উপজেলা আনসার ভিডিপি অফিসার সহ ইউপি চেয়ারম্যানকে তার ইউনিয়নের পূজা মন্ডপ গুলোতে যেন সিসি ক্যামেরা লাগিয়েছেন কিনা সেটা নিশ্চিত করতে হবে আর যেসব পূজা মন্ডপে সিসি ক্যামেরা নেই সেই মন্ডপ গুলোর নামের তালিকা আমাদেরকে জানাবে। সেগুলো মন্ডপে উপজেলা প্রশাসন কর্তৃক সরকারী খরচে ক্যামেরা লাগানোর ব্যবস্থা করা হবে, তারপরেও যেন কোন অপ্রীতিকর ঘটনা না ঘটতে পারে সে বিষয়ে খেয়াল রাখার জন্য সকলকে তিনি অনুরোধ জানান।<br>ঘ) <u>সামাজিক ধর্মীয় প্রতিষ্ঠান ও বিভিন্ন ক্লাব আলোচনা:</u> উপজেলা নির্বাহী অফিসার বলেন, একটি বিষয়ে ইউপি চেয়ারম্যানগণকে অবগত করতে চাই সেটা হলো গত কয়েকদিন আগের একটি নিউজে দেখলাম অনেকেই এসে আমাদের কাছে তদবির করে টিআর ও বিভিন্ন সাহায্য সহযোগিতা/আর্থিক অনুদান চায় সামাজিক ধর্মীয় প্রতিষ্ঠান মসজিদ, মন্দির ও ক্লাব এর নামে । আর্থিক অনুদান নেয়ার পর বিভিন্ন ধরণের অনিয়ম ও অভিযোগ পাওয়া যায়। এসব অভিযোগ বন্ধ করার জন্য ইউপি চেয়ারম্যান ও মেম্বারের সুপারিশ একান্ত প্রয়োজন। অত্র ২২ টি ইউনিয়নে কি কি প্রতিষ্ঠান আছে সেটা সেই ইউনিয়নের চেয়ারম্যান ও সংশ্লিষ্ট ওয়ার্ডের মেম্বারেরা ছাড়া অন্য কারও জানার কথা না। সেক্ষেত্রে যিনি আবেদন করবেন তিনি সংশ্লিষ্ট চেয়ারম্যান বা মেম্বার এর সুপারিশ নিবেন। এ বিষয়ে উপজেলা নির্বাহী অফিসার ০৫ সদস্য বিশিষ্ট একটি আর্থিক অনুদানের আবেদন যাচাই-বাছাই সংক্রান্ত কমিটি গঠন করার প্রস্তাব রাখেন।<br>**প্রস্তাবিত অফিসারগণ হলেন:-**<br>(ক) উপজেলা ম্যাধমিক শিক্ষা অফিসার- সভাপতি<br>(খ) উপজেলা সমবায় অফিসার - সদস্য<br>(গ) উপজেলা পল্লী উন্নয়ন অফিসার - সদস্য<br>(ঘ) একাডেমি সুপারভাইজার, উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিস - সদস্য<br>(ঙ) উপজেলা সমাজসেবা অফিসার, ঠাকুরগাঁও সদর- সদস্য - সচিব | ১ ও ২ এর সভায় বিস্তারিত আলোচনান্তে টাইফয়েড ভ্যাকসিন কার্যক্রম জোরদার করার প্রাথমিক ও মাধ্যমিক শিক্ষাঅফিসার সহ সকল ইউপি চেয়ারম্যান গণ, তার ইউনিয়ন পরিষদ, সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হলো।<br><br>৩. শারদীয় দূর্গাপূজা উপলক্ষে আইনশৃঙ্খলা বাহিনী, পুলিশ, আনসার ও গ্রামপুলিশ সবসময় পূজা মন্ডপে থাকবে কোন সমস্য হলে তাক্ষলিক ভাবে কন্টোল রুম অথবা বিভিন্ন প্রয়োজনীয় নাম্বারে যোগাযোগ করবেন।<br><br>৪. সামাজিক ধর্মীয় প্রতিষ্ঠান ও বিভিন্ন ক্লাব এর আর্থিক অনুদানের আবেদন যাচাই-বাছাই বাস্তবায়ন কমিটি কর্তৃক যাচাই করার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা নির্বাহী অফিসার,<br><br>উপজেলা নির্বাহী অফিসার, |

| | | | |
|---|---|---|---|
| ২৪ | **বিবিধ:**<br>ক) চেয়ারম্যান, ০৮নং রহিমানপুর ইউপি সভায় জানান যে, তাঁর ইউনিয়ন পরিষদের সার্বিক অবস্থা সন্তোষজনক। তিনি আরো বলেন প্রত্যেকটি ইউনিয়নে পূজার আগে একটা সম্প্রীতি সভা করার প্রয়োজন এবং সভাটি আমরা আগামী ১/২ দিনের মধ্যে প্রতিটি ইউনিয়নের বিট অফিসার ও ইউপি সদ্যস গণ সহ বিভিন্ন রাজনৈতিক ব্যক্তি, হিন্দু ধর্মের কয়েক জন ও পূজা উদযাপন কমিটির সদস্যদের সাথে ঐ সম্প্রীতি সভা করে সভার রেজুলেশন এর কপি আপনার দপ্তরে জমা দেয়ার প্রয়োজন মনে করছি।<br>খ) চেয়ারম্যান, ১৭ নং জগন্নাথপুর ইউপি সভায় জানান যে, তাঁর ইউনিয়ন পরিষদের সাবিক অবস্থা সন্তোষজনক। তিনি সবাইকে জন্মনিবন্ধন করার কাজে সহযোগিতা করার জন্য অনুরোধ করেন। চলমান ভিজিডি কার্যক্রম সর্ম্পকে বলেন নতুন ভিজিডি কার্ডের চূড়ান্ত তালিকা প্রেরণ করা হয়েছে এবং উপজেলায় অনুমোদন হয়েছে। কার্ড পেলে নতুন ভিজিডি উপকারভোগীগন চাল পাবে। বাকী সকল প্রকার উপকারভোগী ইউনিয়ন পরিষদের সকল সুবিধা সময়মত পাচ্ছেন। তিনি জানান টিসিবি উপকারভোগীগন প্রতিমাসে তাদের টিসিবি পন্য পাচ্ছেন।<br>গ) প্যানেল চেয়ারম্যন, ২০ নং রুহিয়া পশ্চিম ইউপি সভায় জানান যে, তাঁর ইউনিয়ন পরিষদের সার্বিক অবস্থা সন্তোষজনক। তাছাড়াও রামনাথ হাটে জরাজীর্ন দোকান গুলো সরানোর জন্য বলা হয়েছে সেগুলো অতিশীঘ্রই স্থানীয় দোকানদারের সরিয়ে নিবে এমনটাই বলেছে, আরো নতুন ০৮ টি দোকান হবে সেটাও যায়গা দেখা হয়েছে।<br>ঘ) চেয়ারম্যান, ২২নং সেনুয়া ইউপি সভায় জানান তাঁর ইউনিয়নটি একটি নতুন ইউনিয়ন। নতুন ইউনিয়নের কার্যক্রম তরান্বিত করার লক্ষ্যে এবং নতুন ইউনিয়নের কৃষকগণ যাতে যথাসময়ে তাদের কৃষি ক্ষেতে সার প্রয়োগ করতে পারে সে জন্য একজন বিসিআইসি সার ডিলার নিয়োগ প্রদানের জন্য বিগত বেশ কয়েকটি মাসিক সভায় মাধ্যমে উপজেলা কৃষি অফিসার, ঠাকুরগাঁও সদর, ঠাকুরগাঁও-কে অনুরোধ করা হয়। কিন্তু ২২নং সেনুয়া ইউনিয়নের অদ্যাবধি নতুন কোন বিসিআইসি সার ডিলার নিয়োগ করা হয় নাই। এর পরেও তিনি নিজে বিএডিসি লাইসেন্স প্রাপ্তির জন্য আবেদন করেন কিন্তু তার আবেদনটি গ্রহণ না করে উপজেলা সার ও বীজ মনিটরিং কমিটি অন্য দুটি লাইসেন্স প্রাপ্তির আবেদন সুপারিশ করে জেলা সার ও বীজ মনিটরিং কমিটিতে প্রেরণ করা হয়েছে। চেয়ারম্যান, ২২নং সেনুয়া ইউপি বক্তব্যের প্রেক্ষিতে উপজেলা নির্বাহী অফিসার জানান নবে, কত দিন আগে নতুন লাইসেন্স প্রাপ্তির আবেদন দুটি প্রেরণ করা হয়েছে জানতে চাইলে চেয়ারম্যান, ২২নং সেনুয়া ইউপি জানান যে, গত এক থেকে দুই মাস আগে আবেদন দুটি প্রেরণ করা হয়েছে। উপজেলা নির্বাহী অফিসার জানান যে, গত এক দুই মাসে কোন ব্যক্তি সার ডিলারের লাইসেন্স প্রাপ্তির আবেদন জেলা কমিটিতে প্রেরণ করা হয় নাই। তাছাড়া বিদ্যামান যে, বিসিআইসি সার ডিলারগণ রয়েছে, তারাও কেউ চান না যে, নতুন কোন ব্যক্তিকে সারের ডিলারশীপ লাইসেন্স প্রদান করা হোক। তিনি ২২নং সেনুয়া ইউপি-কে বিসিআইসি অথবা বিএডিসি সার ডিলার বিষয়ে উপজেলা কৃষি অফিসার, ঠাকুরগাঁও সদর, ঠাকুরগাঁও এর সাথে আলোচনার করার জন্য অনুরোধ জানান। | | |

৩। <u>উপজেলা রাজস্ব তহবিলের আয়-ব্যয় অনুমোদন :</u>

**ব্যয়** : আলোচ্য সময়ে উপজেলা রাজস্ব তহবিল হতে ব্যয়িত অর্থের নিম্নরূপ বিবরণী সভায় উপস্থাপন করা হয়: -

| ক্রম | গ্রহণকারীর নাম | বিবরণ | চেক নং | তারিখ | টাকার পরিমাণ |
|---|---|---|---|---|---|
| ০১ | জনাব মোঃ আনিসুজ্জামান, নৌবাহিনীর অবসরপ্রাপ্ত নাবিক, ছোট খোচাবাড়ী, ঠাকুরগাঁও | উপজেলা পরিষদের পুকুরে ছাত্র-ছাত্রীদের সুবিধার্থে সাঁতার প্রশিক্ষনের জন্য আর্থিক সহযোগিতার প্রদান। | ০৭২৬৬৭০ | ০১/০৯/২০২৫ | ৫০০০০.০০ |
| ০২ | জনাব নজরুল ইসলাম, পিতা মোঃ আব্দুর রশিদ, গ্রাম- শ্রী কৃষ্ণপুর, ডাক- ঠাকুরগাঁও, উপজেলা ঠাকুরগাঁও সদর। | আর্থিক সহযোগিত প্রদান। | ০৭২৬৬৭১ | ০১/০৯/২০২৫ | ৫০০০.০০ |
| ০৩ | জনাব মোঃ রুবেল হোসেন, প্রোপাইটর রয়েল ক্যাফ, রাণীশংকৈল ঠাকুরগাঁও | তিনি অত্র কার্যালয়ের রয়েল ক্যাফ ২০ প্যাকেট কফি ও ৩০০ পিস ওয়ান টাইম কাপ সরবরাহ বিল প্রদান। | ০৭২৬৬৭২ | ০১/০৯/২০২৫ | ১১৮০০.০০ |
| ০৪ | ভ্যাট কোড ১/১১৩৩/০০৪৫/০৩১১ | পূর্বব্রর্তী বিলের ভ্যাট বাবদ অর্থ জমা প্রদান। | ০৭২৬৬৭৩ | ০১/০৯/২০২৫ | ১১৮০.০০ |
| ০৫ | জনাব মোঃ রাজু আহমেদ, টেকনিশিয়ান, উপজেলা পরিষদ, ঠাকুরগাঁও সদর, ঠাকুরগাঁও। | অস্থায়ী কর্মচারীর আগস্ট/২০২৫ মাসের মজুরী প্রদান। (অনুমোদিত) | ০৭২৬৬৭৫ | ০১/০৯/২০২৫ | ১৫০০০.০০ |
| ০৬ | জনাব মোঃ রবিউল ইসলাম, মালী, উপজেলা পরিষদ, ঠাকুরগাঁও সদর, ঠাকুরগাঁও। | অস্থায়ী কর্মচারীর আগস্ট/২০২৫ মাসের মজুরী প্রদান। (অনুমোদিত) | ০৭২৬৬৭৬ | ০১/০৯/২০২৫ | ১৫০০০.০০ |
| ০৭ | জনার মোঃ জাপান, অস্থায়ী নিরাপত্তা প্রহরী, উপজেলা পরিষদ, ঠাকুরগাঁও সদর, ঠাকুরগাঁও | অস্থায়ী কর্মচারীর আগস্ট/২০২৫ মাসের মজুরী প্রদান। (অনুমোদিত) | ০৭২৬৬৭৭ | ০১/০৯/২০২৫ | ১৫০০০.০০ |

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
ঠাকুরগাঁও সদর, ঠাকুরগাঁও।

স্মারক নং-০৫.৫৫.৯৪৯৪.০০০.৩৩.০০১.২৫. ১৮৪৫ (ক) তারিখ: ২২/[illegible]

অনুলিপি সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরিত হলো :-

১। সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। বিভাগীয় কমিশনার, রংপুর বিভাগ, রংপুর।
৩। পরিচালক, স্থানীয় সরকার, বিভাগীয় কমিশনারের কার্যালয়, রংপুর।
৪। জেলা প্রশাসক, ঠাকুরগাঁও।
৫। উপ-পরিচালক, স্থানীয় সরকার, জেলা প্রশাসকের কার্যালয়, ঠাকুরগাঁও।
৬। প্রশাসক, উপজেলা পরিষদ, ঠাকুরগাঁও সদর, ঠাকুরগাঁও।
৭। ---------------------

22.09.25

(মোঃ খাইরুল ইসলাম)
উপজেলা নির্বাহী অফিসার
ঠাকুরগাঁও সদর, ঠাকুরগাঁও
মোবাইল-০১৭০৭৪৪৯০৯০